Times Today BD

ডেস্ক রিপোর্ট | ক্যাম্পাস | 21 April, 2025

প্রাইম এশিয়া বিশ্ববিদ্যালয়ের টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের মেধাবী ছাত্র ও ছাত্রদল নেতা জাহিদুল ইসলাম পারভেজ হ'ত্যা'র বিচার দাবিতে মশাল মিছিল ও প্রতিবাদ সমাবেশ করেছে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদল।

আজ ২১ এপ্রিল (সোমবার) রাত ৮ টায় বিশ্ববিদ্যালয়ের নতুন প্রশাসনিক ভবনের সামনে থেকে মিছিলটি শুরু হয়ে পুরো ক্যাম্পাস প্রদক্ষিণ করার পর জয় বাংলা ভাস্কর্য এলাকায় সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে বক্তারা বলেন, “জাহিদুল ইসলাম পারভেজের নির্মম হ'ত্যা কোনো সাধারণ ঘটনা নয়, এটি পরিকল্পিত এবং রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত। এর সুষ্ঠু তদন্ত এবং দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করছি।”

সমাবেশে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের নেতাকর্মীরা ছাড়াও বিভিন্ন বর্ষের শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।তাঁরা প্ল্যাকার্ড, ফেস্টুন ও ব্যানার নিয়ে শান্তিপূর্ণভাবে কর্মসূচি পালন করেন।

এ সময় ছাত্রদল নেতারা দাবি করেন, স্বৈরাচারের পলাতক সন্ত্রাসীদের হাতেই পারভেজের মৃ'ত্যু হয়েছে। তাঁরা হ'ত্যা'র সঠিক তদন্ত ও দ্রুত বিচার নিশ্চিত না হলে সারাদেশে ছাত্রদল আরও কঠোর আন্দোলনের হুঁশিয়ারি দেন।

উল্লেখ্য, জাহিদুল ইসলাম পারভেজ সম্প্রতি একটি সহিংস হামলায় নিহত হন বলে জানা গেছে।এ ঘটনায় দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও ছাত্রদল শাখাগুলো প্রতিবাদ কর্মসূচি পালন করছে।

পারভেজ হত্যা ছাত্রদল হত্যা মশাল মিছিল প্রতিবাদ সমাবেশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 14:25

URL: https://timestodaybd.com/campus/9266771217